লেবাননের বৈরুতে ইসরায়েলের হামলায় নিহত ৬



ছবি: সংগৃহীত

লেবানন এর রাজধানী বৈরুত–এর কেন্দ্রস্থলে ইসরায়েলের পৃথক দুই হামলায় অন্তত ছয়জন নিহত ও ২৪ জন আহত হয়েছেন। দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্যের বরাত দিয়ে এ খবর জানিয়েছে এএফপি।

বুধবার (১৮ মার্চ) ভোরে আবাসিক এলাকা বাসতা ও জুকাক আল-ব্লাত এলাকায় হামলাগুলো চালানো হয়। ওইসব স্থানে বহু বাস্তুচ্যুত পরিবার অস্থায়ীভাবে আশ্রয় নিয়েছিল। হিজবুল্লাহ এর সঙ্গে চলমান তীব্র সংঘাতের প্রেক্ষাপটেই এই আঘাত আসে।

স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, হতাহতের সংখ্যা প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়েছে। নিহতদের পরিচয় নিশ্চিত করতে ডিএনএ পরীক্ষা করা হবে।

স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়, জুকাক আল-ব্লাত এলাকায় একটি আবাসিক ভবনে সরাসরি হামলা হয়েছে। এলাকাটি বিভিন্ন সরকারি দপ্তর ও একাধিক দূতাবাসের নিকটে অবস্থিত। এছাড়া বৈরুতের কেন্দ্রীয় বাসতা এলাকাতেও আরেক দফা হামলার ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা সেখানে একাধিক বিস্ফোরণের শব্দ শোনার কথা জানিয়েছেন।